# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**22 AUGUST 2026** **7:45—7:55 PM**

---

(১) গত বুধবার শিলঙে সংঘটিত হিংসাত্মক ঘটনাকে নিয়ে মেঘালয়-আসাম সরকারের বৈঠক/ ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের আশ্বাস/

(২) গৌহাটি মেডিকেল কলেজ হাসপাতালের দেশের শীর্ষ কুড়িটি আদর্শ রক্তকেন্দ্রের মধ্যে স্থান লাভ/

(৩) দেশে পূর্বের অনুমানের তুলনায় কম পরিমাণ চিনি উৎপাদন হওয়ার পরও ঘরোয়া চাহিদা পূরণের জন্যে পর্যাপ্ত পরিমাণে চিনি মজুত রয়েছে বলে কেন্দ্রীয় সরকারের আশ্বাস / কাছাড় জেলা প্রশাসনের চিনির মূল্য নির্ধারণ/

এবং

(৪) রাজ্যের বরাক উপত্যকা উন্নয়ন ও জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পালের আজ শিলচরে আসাম সচিবালয় এবং শিলচরের জেলা গ্রন্থাগার ও প্রেক্ষাগৃহের সার্বিক পরিকাঠামো প্রস্তুতি সম্পর্কে আলোচনা/

---

মেঘালয় সরকার গত ১৯ শে আগস্ট শিলংয়ে সংঘটিত হিংসাত্মক ঘটনাকে নিয়ে দুঃখ প্রকাশ করেছে এবং ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যাবস্থা গ্রহণ করা হবে বলে আশ্বাস দিয়েছে । আসাম-মেঘালয়ের সাম্প্রতিক উত্তেজনাপূর্ণ পরিস্থিতি সম্পর্কে আজ গৌহাটীর কইনাধারায় অনুষ্ঠিত আলোচনার শেষে সীমান্ত উন্নয়ন মন্ত্রী অতুল বরা এবং মেঘালয়ের উপ-মূখ্যমন্ত্রী এস ধর একথা জানান । মন্ত্রী শ্রী বরা সাংবাদিকদের জানান যে মেঘালয় সরকার খাসী ছাত্র সংস্থার সভাপতি ,উপ-সভাপতি ও সম্পাদককে প্রকাশ্য স্থানে শৃঙ্খলা বজায় রাখা বিষয়ক আইনের অধীনে আটক করা হবে । এই

ঘটনায় এপর্যন্ত ১৫ টি এজাহার রুজু করা হয়েছে বলেও তিনি উল্লেখ করেন । আসামে পঞ্জীয়নভুক্ত বাহনে আক্রমণ চালানো ৫ জন দুস্কৃতকারীকে শনাক্ত করা হয়েছে বলে তিনি জানান । শিলংয়ের হিংসাত্মক ঘটনার তদন্তের জন্য বিশেষ তদন্তকারী দল গঠন করার বিষয়ে পাশ্ববর্তী রাজ্য অবগত করেছে বলে শ্রী বরা জানান ।
বৈঠকে মেঘালয়ের মূখ্য সচিব ড.সাকিল পি আহমেদ ও আসামের মূখ্য সচিব রবি কোটা উপস্থিত ছিলেন ।

এদিকে শিলংয়ে গত বুধবার আসামের গাড়ীর ওপর চালানো আক্রমণের ঘটনাকে নিয়ে আজ তৃতীয় দিনেও আসামের চালকেরা যোরাবাটে প্রতিবাদ অব্যাহত রেখেছে । প্রতিবাদী চালকেরা মেঘালয়ের পঞ্জীয়ন নম্বর থাকা গাড়ীর চলাচল সম্পূর্ণভাবে বন্ধ করে দিয়েছে । এরফলে মেঘালয়ে যাতায়াত করা ব্যাক্তিগত ও বাণিজ্যিক বাহনের চলাচল সম্পূর্ণ বন্ধ রয়েছে ।

---

গৌহাটী মেডিকেল কলেজ হাসপাতালের আদর্শ রক্ত কেন্দ্র দেশের শীর্ষ ২০ টি রক্ত কেন্দ্রের মধ্যে স্থান লাভ করেছে । স্বাস্থ্যমন্ত্রী অশোক সিংঘল আজ একথা প্রকাশ করেন । মন্ত্রী বলেন যে সকলের জন্য সুলভ স্বাস্থ্যের মাধ্যমেই রাজ্যটি স্বাস্থ্য খন্ডে এগিয়ে যাবে ।

---

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রণালয়ের সবলীকরণ সমিতির উদ্যোগে আজ নতুনদিল্লিতে দীনদয়াল অন্ত্যোদয় প্রকল্পের অর্ন্তগত জাতীয় গ্রামীণ জীবিকা অবিযানের অধীনে কৃষিরহিত জীবিকার প্রস্তাব সম্পর্কে পর্যালোচনা করা হয় । এই বৈঠকের মাধ্যমে মহিলা নেতৃত্বাধীন গ্রামীণ উদ্যোগসমূহকে শক্তিশালী করার পাশাপাশি আত্মসহায়ক গোষ্ঠীগুলিকে পথনির্দেশনা দেওয়ার প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে । কেন্দ্রীয় গ্রামোন্নয়ন বিভাগের সচিব রোহিত কাঞ্চাল এই বৈঠকে পৌরহিত্য করেছেন । বৈঠকে গ্রামীণ মহিলাদের লাখপতি বোন'এ পর্যবসিত করা সম্পর্কেও আলোচনা করা হয় ।

---

দেশে পূর্বের অনুমানের তুলনায় কম পরিমাণ চিনি উৎপাদন হওয়ার পর ঘরোয়া চাহিদা পূরণের জন্যে পর্যাপ্ত পরিমাণে চিনি মজুত রয়েছে বলে সরকার আশ্বাস দিয়েছে । সম্প্রতি চিনির মূল্যবৃদ্ধির পরিপ্রেক্ষিতে সরকার পর্যাপ্ত পরিমাণ চিনির মজুত নিশ্চিত করা এবং গ্রাহকদের জন্যে সুস্থির মূল্য বজায় রাখার ক্ষেত্রে ব্যাপক ব্যবস্থা গ্রহণ করেছে । কেন্দ্রীয় গ্রাহক পরিক্রমা, খাদ্য ও গণবন্টন মন্ত্রণালয়ের সূত্র অনুযায়ী

পরিস্থিতি নিরন্তর নিরীক্ষণ করা হচ্ছে । উল্লেখ্য- গত বিশে জুলাই চিনির মূল্য প্রতি কিলোগ্রাম ৪৮ টাকার থেকে গত বৃহস্পতিবার ৫৫ টাকায় বৃদ্ধি পেয়েছে ।

মন্ত্রণালয় বলেছে যে- ইথানলের উৎপাদনের জন্য চিনির মূল্য বৃদ্ধি হয়নি । দেশে উৎপাদিত ইথানলের প্রায় তিন চতুর্থাংশ সস্যের থেকে বিশেষ করে গম থেকে আসে বলে মন্ত্রণালয় উল্লেখ করেছে । মন্ত্রণালয় বলেছে যে- প্রয়োজনের তুলনায় ঘরোয়া উৎপাদন কম হওয়া, উৎসবের মরশুমের পূর্বে এর চাহিদা বৃদ্ধি পাওয়া, আবহাওয়ার জন্য আঁখের চাষ ক্ষতিগ্রস্ত হওয়া, বিশ্ব পর্যায়ে সরবরাহ হ্রাস পাওয়া সহ বিভিন্ন কারণে চিনির সাম্প্রতিক মূল্যবৃদ্ধি হয়েছে । মন্ত্রণালয় আরো জানিয়েছে যে- এবছর চিনির উৎপাদন পূর্বে অনুমান করা ৩৪৩ লক্ষ টনের পরিবর্তে বর্তমানে প্রায় ৩০৬ লক্ষ টন হবে বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

এদিকে আসাম সরকারের খাদ্য ,গণবন্টন ও গ্রাহক বিষয়ক ,আবাসন ও নগর বিষয়ক এবং সমবায় মন্ত্রী কৌশিক রায়ের পৌরহিত্যে অনুষ্ঠিত একটি ভিডিও কনফারেন্সের পর গতকাল শিলচরের জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে চিনি মজুতের পরিমাণ ,সরবরাহ ব্যাবস্থা এবং বাজারের বর্তমান পরিস্থিতি পর্যালোচনা করে কাছাড় জেলা প্রশাসন চিনির মূল্য নির্ধারণ করেছে । সে অনুযায়ী প্রতি কেজি চিনির পাইকারী মূল্য ৬০ টাকা ৫০ পয়সা থেকে ৬১ টাকা এবং খুচরা মূল্য ৬৩ টাকা থেকে ৬৪ টাকার মধ্যে রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি ও বরাক উপত্যকা উন্নয়ন দপ্তরের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ শিলচরের আসাম সচিবালয়ে বরাক উপত্যকার সর্বাত্মক উন্নয়ন সংক্রান্ত এক পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করেন । মন্ত্রী শ্রী পালের পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে শিলচরের জেলা গ্রন্থাগার ও প্রেক্ষাগৃহ এবং আসাম সচিবালয়ের সামগ্রিক পরিকাঠামো স্থাপনের বিষয়ে আলোচনা করা হয় । এই প্রকল্পসমূহ সময়মতো সম্পূর্ণ করার জন্য প্রশাসনিক অনুমোদন এবং সংশোধিত হিসাব সম্পর্কেও বিশেষভাবে আলোচনা করা হয় । সংশ্লিষ্ট আধিকারিকরা সহ সকল পক্ষকে সময়মতো প্রকল্পগুলি সম্পূর্ণ করার জন্য বিশেষ নির্দেশ প্রদান করা হয়েছে । এই প্রকল্পগুলি দ্রুত সম্পন্ন হলে বরাক উপত্যকার প্রশাসনিক ও জনসেবামূলক পরিকাঠামো আরো শক্তিশালী হবে বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত কান্দিগ্রাম- মালুয়া থেকে শ্রীভূমি বাইপাস পর্যন্ত ৩৭ নম্বর জাতীয় সড়কের উন্নয়নের কাজের আজ আনুষ্ঠানিক সূচনা হয়েছে । রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি ও বরাক উপত্যকা উন্নয়ন দপ্তরের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । এতে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী পাল বলেন যে- ৩২ কোটি ৭৯ লক্ষ টাকা ব্যয়ে উন্নয়নের কাজ আরম্ভ হওয়া এই প্রকল্পটি বাস্তবায়িত হলে সংশ্লিষ্ট এলাকার সড়ক যোগাযোগ ব্যবস্থা আরো উন্নত হবে । এছাড়া তিনি উন্নত ও আধুনিক সড়ক পরিকাঠামো গড়ে তোলার ক্ষেত্রে প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা ব্যক্ত করেছেন । এই অনুষ্ঠানে শ্রীভূমি জেলা বিজেপি সভাপতি সঞ্জীব বণিক, দলের প্রাক্তন জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য সহ সরকারী আধিকারিক ও বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

প্রবীণ নাগরিকদের আইনী অধিকার সুরক্ষা ও বিভিন্ন আইনী সমস্যা সমাধানের লক্ষ্যে হাইলাকান্দিতে আজ একটি বিশেষ আইনী সেবা ক্লিনিকের উদ্বোধন করা হয়েছে । আজ জেলা আয়ুক্তের কার্যালয়ে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে গৌহাটী হাইকোর্টের বিচারপতি তথা আসাম রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের কার্যবাহী অধ্যক্ষ মাইকেল জোথানখুমা ,গৌহাটী হাইকোর্টের বিচারপতি তথা গৌহাটী হাইকোর্ট আইন সেবা সমিতির অধ্যক্ষ মণীশ চৌধুরী এবং গৌহাটী হাইকোর্টের বিচারপতি কৌশিক গোস্বামী উপস্থিত ছিলেন । উল্লেখ্য হাইলাকান্দি জেলা আইন সেবা কর্তৃপক্ষের অধীনে পরিচালিত এই ক্লিনিকের মাধ্যমে প্রবীণ নাগরিকদের সম্পূর্ণ বিনামূল্যে আইনী সহায়তা প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------------------

১৩৫ তম ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতার আগামীকাল কলকাতার বিবেকানন্দ যুব ভারতী ক্রীড়াঙ্গনে অনুষ্ঠেয় ফাইনেল খেলায় মোহন বাগান সুপার জায়েন্ট , ইষ্ট বেঙ্গল এফ সির বিরুদ্ধে অবতীর্ণ হবে । মোহন বাগান শিলংয়ে অনুষ্ঠিত প্রতিযোগিতার দ্বিতীয় সেমিফাইনালেঙ বিগত দুবছরের চেম্পিয়ন নর্থইষ্ট ইউনাইটেডকে পরাজিত করে ফাইনালে প্রবেশ করেছে । এদিকে ইষ্টবেঙ্গল প্রথম সেমিফাইনালে এফ সি দিল্লীকে পরাজিত করে ফাইনালে প্রবেশ করেছে ।উল্লেখ্য মোহনবাগান ১৭ বার ডুরান্ড কাপের খেতাব দখল করার বিপরীতে ইষ্টবেঙ্গল ১৬ বার ডুরান্ড কাপ জয় করেছে ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থা-বাক্স’এর হাইলাকান্দি শাখার উদ্যোগে আজ হাইলাকান্দির জেলা ক্রীড়া সংস্থার সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে খেলাধূলায়

বিশেষ পারদর্শিতা প্রদর্শনের জন্য ক্রীড়া সংগঠক সহ মোট ১৮জনকে পুরস্কৃত করা হয়েছে । হাইলাকান্দিতে বাক্‌স'এর বর্ষসেরা পুরস্কার ২০২৫-২৬ এর আওতায় এই পুরস্কারগুলি দেওয়া হয়েছে । এছাড়া জেলার এথলেটিক্‌স প্রশিক্ষক রাজা দাস, হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার সহ-সভাপতি পিনাকী ভট্টাচার্য ও সাধারণ সম্পাদক শৈবাল সেনগুপ্তকে সংবর্ধনা দেওয়া হয়েছে । আজকের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাইলাকান্দির অতিরিক্ত পুলিশ সুপার সমীর দফতর বড়ুয়া । বাক্‌সের হাইলাকান্দি শাখার সভাপতি শতানন্দ ভট্টাচার্যের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সংস্থার কেন্দ্রীয় সভাপতি রতন দেব, এর কাছাড় জেলা সভাপতি দেবাশিস সোম, হাইলাকান্দি সম্পাদক নীলোৎপল দেব প্রমুখ ।

---

মাতৃভূমি কাপ ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় ইসলামাবাদ এফ সি ট্রাইব্রেকারে ৭-৬ গোলের ব্যবধানে এন এইচ স্পোর্টিং নর্থ হাওয়াইথাং দলকে পরাজিত করেছে ।

স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকাল ডি গ্রুপের তৃতীয় খেলায় এস এস এম এম কর্কট দল ও মারিয়া এফ সি পরস্পরের মূখোমূখি হবে ।

---